# বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস্ এসোসিয়েশন

১৩/১, ১৪, হাজী ওসমান গনি রোড (খালেদা টাওয়ার ৩য় তলা), ঢাকা-১০০০। ফোন-২২৬৬৩৭৫২৪

E-mail: bptma_bd@yahoo.com, www.bptma.com, BPTMA apps on Google Play

সুত্র ঃ বাপাটিমাএ/বিজ্ঞপ্তি/৩১/০১/২০২৫ তারিখ ঃ ২৭শে ডিসেম্বর,২০২৫ইং

## "বিজ্ঞপ্তি"

এতদ্বারা বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস্ এসোসিয়েশন এর সকল সম্মানিত সদস্যগণকে অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস্ এসোসিয়েশন এবং **ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট (ইব্রাহিম কার্ডিয়াক) যা বাংলাদেশ ডায়াবেটিক সমিতির একটি বিশেষায়িত হৃদরোগ, কার্ডিওভাসকুলার ও নিউরোসার্জারি চিকিৎসা সেবাদানকারী প্রতিষ্ঠান** এর মধ্যে কর্পোরেট সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়েছে। উক্ত সমঝোতা স্মারকের আওতায় এসোসিয়েশনের সকল সদস্য/কর্মকর্তা/কর্মচারী এবং তাদের পরিবারবর্গ **ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটে** চিকিৎসাসেবায় বিশেষ ছাড় ও কর্পোরেট সুবিধা প্রাপ্ত হবেন।

অতএব, এসোসিয়েশনের সকল সদস্য/কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারবর্গ **ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট (ইব্রাহিম কার্ডিয়াক) কর্পোরেট** সুবিধা ও বিশেষ ছাড় সম্পর্কিত বিস্তারিত তথ্য এসোসিয়েশনের ওয়েবসাইট (www.bptma.com) ও BPTMA অ্যাপস থেকে জানতে পারবেন অথবা এসোসিয়েশন অফিসে যোগাযোগ করবেন।

**বিঃ দ্রঃ সমঝোতা স্মারক (MOU) অনুযায়ী BPTMA এর সদস্যগণ আইডি কার্ড/ প্রত্যয়নপত্র অবশ্যই প্রদর্শন সাপেক্ষে ডিসকাউন্ট সুবিধা পাবেন।** BPTMA এর সদস্যগণ **ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটে কর্পোরেট গ্রাহক হিসেবে বিবেচিত।**

ধন্যবাদান্তে,

ফাহিম কবির সামিন
প্রচার সম্পাদক।

মোঃ আওলাদ হোসেন জেবুল
সাধারণ সম্পাদক।

**সংযুক্তিঃ** ১। সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গজ ৭১৪১৭০৯

# সমঝোতা স্মারক (MOU)

অদ্য ৩০ নভেম্বর, ২০২৫ খ্রিঃ এ ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট (এ সেন্টার ফর কার্ডিওভাসকুলার, নিউরোসায়েন্স এন্ড অরগ্যান ট্রান্সপ্লান্ট ইউনিটস) (ইব্রাহিম কার্ডিয়াক), ১২২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা-১০০০ এর পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা

.............................. ১ম পক্ষ

এবং

বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস্ এসোসিয়েশন, হাজী ওসমান গণি রোড (খালেদা টাওয়ার ৩য় তলা), ঢাকা-১০০০ এর পক্ষে সভাপতি

.............................. ২য় পক্ষ

এর মধ্যে

অত্র সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হ'ল ঃ

১ম পক্ষ (ইব্রাহিম কার্ডিয়াক) বাংলাদেশ ডায়াবেটিক সমিতির একটি বিশেষায়িত হৃদরোগ, কার্ডিওভাসকুলার ও নিউরোসার্জারী চিকিৎসা সেবাদানকারী প্রতিষ্ঠান এবং ২য় পক্ষ বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস্ এসোসিয়েশন, ইব্রাহিম কার্ডিয়াক এর সেবার মান ও চিকিৎসা ব্যবস্থায় সন্তুষ্ট হয়ে ২য় পক্ষের সকল সদস্য/কর্মকর্তা/কর্মচারী তাদের পরিবারের (স্বামী/স্ত্রী, সর্বোচ্চ ০২ সন্তান ২৫ বছর বয়স পর্যন্ত ও পিতা-মাতা) সদস্যদের হৃদরোগ, কার্ডিওভাসকুলার ও নিউরোসার্জারী চিকিৎসা সেবা এবং সকল প্রকার ডায়াগনস্টিক পরীক্ষা করার প্রস্তাব করার প্রেক্ষিতে ১ম পক্ষ নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে ২য় পক্ষের সকল কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের (স্বামী/স্ত্রী, সর্বোচ্চ ০২ সন্তান ২৫ বছর বয়স পর্যন্ত ও পিতা-মাতা) সদস্যদের হৃদরোগ, কার্ডিওভাসকুলার ও নিউরোসার্জারী চিকিৎসা সেবা দিতে সম্মত হয় এবং এ লক্ষ্যে উভয় পক্ষের পারস্পরিক সম্মতিতে নিম্নেবর্ণিত শর্তে সমঝোতা স্মারক স্বাক্ষর করতে সম্মত হচ্ছে ঃ

১.০১ ১ম পক্ষ (ইব্রাহিম কার্ডিয়াক) তাদের হাসপাতালে ২য় পক্ষ (বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস্ এসোসিয়েশন) এর সকল সদস্য/কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের (স্বামী/স্ত্রী, সর্বোচ্চ ০২ সন্তান ২৫ বছর বয়স পর্যন্ত ও পিতা-মাতা) সদস্যদের প্রয়োজনে হৃদরোগ, কার্ডিওভাসকুলার ও নিউরোসার্জারী চিকিৎসা সেবা দান এবং সকল প্রকার ডায়াগনস্টিক পরীক্ষা করবে।

১.০২. ২য় পক্ষের কোন সদস্য অথবা তাদের পরিবারের কোন সদস্য চিকিৎসা সেবা নিতে বা ডায়াগনস্টিক পরীক্ষা করাতে প্রথম পক্ষের হাসপাতালে আসলে তাদেরকে ১ম পক্ষ তাদের চিকিৎসা ও ডায়াগনস্টিক সেবা প্রদান করবে। ২য় পক্ষের সেবা গ্রহণকারীগণ ১ম পক্ষ কর্তৃক অগ্রাধিকার সেবা প্রদানের লক্ষ্যে ২য় পক্ষ কর্তৃক তাদের প্রতিষ্ঠানের

চলমান পাতা-১/৩




গজ ৭১৪১৭১১

গ্রহণ পূর্বক প্রদেয় বিলের সম্পূর্ণ টাকা ১ম পক্ষের প্রচলিত নিয়ম অনুসারে পরিশোধ করতে হবে।

১০.৪. সম্পাদিত সমঝোতা চুক্তির মেয়াদ উক্ত চুক্তি স্বাক্ষর এর তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে। চুক্তির মেয়াদ শেষ হওয়ার পরে দুপক্ষের সমঝোতার ভিত্তিতে আবার উক্ত চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। যে কোন পক্ষ ৬০ দিন পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে এ চুক্তি স্থগিত করতে পারবে।

নিম্নবর্ণিত স্বাক্ষীদের সম্মুখে উপরে বর্ণিত শর্তসমূহ সহ এ সমঝোতা স্মারক স্বাক্ষর করা হ'ল।

**১ম পক্ষ**
ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট এর পক্ষে

অধ্যাপক ডা. সাহেলা নাসরিন
প্রধান নির্বাহী কর্মকর্তা ও
সিনিয়র কনসালটেন্ট, কার্ডিওলজি

**২য় পক্ষ**
বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস্ এসোসিয়েশন এর পক্ষে

মোঃ পারভেজ আলম চুন্নু
সভাপতি
বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস্ এসোসিয়েশন

**স্বাক্ষী ঃ**

১। অধ্যাপক ডা. মোহাম্মদ নজরুল হোসেন
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা এবং বিভাগীয় প্রধান ও সিনিয়র কনসালটেন্ট, নিউরোসার্জারী, ইকহি।

২। লে. কর্নেল ডাঃ মোঃ গোলাম মোস্তফা সরওয়ার (অবঃ)
হসপিটাল সুপারিনটেনডেন্ট, ইকহি।

৩। মাসুম খান
সহকারী মহাব্যবস্থাপক, অর্থ ও হিসাব, ইকহি।

**স্বাক্ষী ঃ**

১। মোঃ আওলাদ হোসেন আবুল
সাধারন সম্পাদক
বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস্ এসোসিয়েশন

২। মোঃ ইমরান কবির
পরিচালক
বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস্ এসোসিয়েশন

৩। মোঃ হান্নান ঢালী
পরিচালক
বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস্ এসোসিয়েশন



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গজ ৭১৪১৭১০

ক্ষমতাপ্রাপ্ত (Authorized) কর্মকর্তার নিকট থেকে প্রত্যয়নপত্র নিয়ে চিকিৎসা সেবা নিতে আসবেন এবং তাদের এন.আই.ডি কার্ড ১ম পক্ষের নিকট প্রর্দশন করবেন এবং একটি ফটোকপি ১ম পক্ষের নিকট জমা দিবেন। তবে জরুরী ভিত্তিতে ভর্তির ক্ষেত্রে এন.আই.ডি কার্ডের কপি জমা দিয়ে পরবর্তীতে অন্যান্য কাগজপত্র জমা দেয়া যাবে সেক্ষেত্রে ফাইনাল বিল পরিশোধের পূর্বে তাদের প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত (Authorized) কর্মকর্তার নিকট থেকে অবশ্যই প্রত্যয়নপত্র প্রদান পূর্বক ডিসকাউন্ট গ্রহণ করবেন।

১.০৩. ২য় পক্ষের চিকিৎসা ও ডায়াগনস্টিক সেবা গ্রহনকারীগণ ১ম পক্ষের নিকট হতে সেবা গ্রহনের ক্ষেত্রে নিম্নেবর্ণিত সুবিধা প্রাপ্য হবেন ঃ

১ম পক্ষের প্রচলিত মূল্য তালিকা/ দরের উপর ২য় পক্ষকে নিম্নবর্ণিত বিশেষ ডিসকাউন্ট প্রদান করা হবে ঃ-

ক-১) সকল প্রকার ইনভেস্টিগেশন এর ক্ষেত্রে ১০% ডিসকাউন্ট।
ক-২) কার্ডিয়াক এ্যাম্বুলেন্স সার্ভিসেস চার্জের ১০% ডিসকাউন্ট।
ক-৩) ট্রিটমেন্টে ভর্তিকৃত রোগীর হসপিটাল বেড ভাড়ার (Acommodation Charges) উপর ১০% ডিসকাউন্ট।
ক-৪) প্যাকেজে ভর্তিকৃত রোগীর ক্ষেত্রে- সিএজি/পিএজি প্যাকেজ এর উপর-১,০০০/- টাকা, পিসিআই/ পিটিএ/পিপিএম প্যাকেজ এর উপর- ৫,০০০/- টাকা এবং কার্ডিয়াক সার্জারী প্যাকেজ এর উপর-১০,০০০/- টাকা ডিসকাউন্ট প্রযোজ্য হবে।

বিঃ দ্রঃ- স্টেন্ট, ভাল্ব, পেসমেকার, বেলুন, এম আর আই (MRI) এর উপর কোন ডিসকাউন্ট সুবিধা প্রযোজ্য হবে না।

খ) ওপিডি (বহির্বিভাগ) এবং ভর্তি হয়ে সেবা গ্রহণের ক্ষেত্রে চিকিৎসা সেবা দানের জন্য প্রচলিত হসপিটাল চার্জসমূহ (পরীক্ষা সহ) প্রচলিত নিয়ম অনুসারে ১ম পক্ষকে সেবাগ্রহণকারী কর্তৃক পরিশোধ করতে হবে। এক্ষেত্রে বিশেষ ডিসকাউন্ট (ধারা ১.০৩ এর ক-১ থেকে ক-৪ অনুসারে) প্রাপ্তির ক্ষেত্রে ২য় পক্ষের ক্ষমতাপ্রাপ্ত (Authorized) কর্মকর্তার প্রত্যয়নপত্র ও এন.আই.ডি কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

গ) ২য় পক্ষের কোন সদস্য/কর্মকর্তা/কর্মচারী হাসপাতালে ভর্তি হলে সে ক্ষেত্রে হসপিটাল বিল এর সম্পূর্ণ টাকা ১ম পক্ষের প্রচলিত নিয়ম অনুসারে পরিশোধ করতে হবে। সেবা গ্রহণকারীকে ভর্তির সময় ২য় পক্ষের ক্ষমতাপ্রাপ্ত (Authorized) কর্মকর্তার প্রত্যয়নপত্র ও এন.আই.ডি কার্ড ১ম পক্ষের নিকট প্রর্দশন করবেন এবং একটি ফটোকপি ১ম পক্ষের নিকট জমা দিবেন। তবে জরুরী ভিত্তিতে ভর্তির ক্ষেত্রে এন.আই.ডি কার্ডের কপি জমা দিয়ে পরবর্তীতে অন্যান্য কাগজপত্র জমা দেয়া যাবে।

ঘ) ২য় পক্ষের কর্মকর্তা ও কর্মচারী ছাড়াও তাদের পরিবারের সদস্যগণ (স্বামী/স্ত্রী, সর্বোচ্চ ০২ সন্তান ২৫ বছর বয়স পর্যন্ত ও পিতা-মাতা) উপরে 'ক' এ বর্ণিত সুবিধা প্রাপ্য হবেন তবে সে ক্ষেত্রে উপরে উল্লেখিত ২য় পক্ষের ক্ষমতাপ্রাপ্ত (Authorized) ব্যক্তি কর্তৃক পত্রের মাধ্যমে প্রত্যয়নপত্র প্রয়োজন হবে। সকল ক্ষেত্রে বর্নিত সুবিধা

চলমান পাতা-২/৩

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"